




মুখ্যমন্ত্রী শুভেন্দুর জন্য ৫০০ কেজি আম পাঠাল বাংলাদেশ



শুভেন্দু সরকার। ছবি: সংগৃহীত

বাংলাদেশ সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে শুভেচ্ছা উপহার হিসেবে ৫০০ কেজি আম পাঠানো হয়েছে।

মঙ্গলবার (৩০ জুন) রাতে যশোরের বেনাপোল স্থলবন্দর দিয়ে আমের চালানটি ভারতে পাঠানো হয়। পরে কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশনের প্রতিনিধির কাছে আনুষ্ঠানিকভাবে আমগুলো হস্তান্তর করা হয়।

জানা গেছে, উপহার হিসেবে পাঠানো চালানে আম্রপালি ও হাঁড়িভাঙা জাতের আম রয়েছে। বেনাপোল স্থলবন্দর সূত্রে জানা যায়, ১০০টি কার্টনে পাঁচ কেজি করে মোট ৫০০ কেজি আম পাঠানো হয়েছে। এর মধ্যে ১০০ কেজি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর জন্য বরাদ্দ রাখা হয়েছে। অবশিষ্ট ৪০০ কেজি পশ্চিমবঙ্গের বিশিষ্ট ব্যক্তি, কূটনীতিক ও উচ্চপদস্থ কর্মকর্তাদের মধ্যে শুভেচ্ছা উপহার হিসেবে বিতরণ করা হবে।

স্থানীয় গণমাধ্যমকর্মীদের দাবি, প্রতিবছর এ ধরনের উপহার পাঠানোর বিষয়টি বন্দর কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে জানালেও এবার তা অনেকটা নীরবে সম্পন্ন হয়েছে।

বেনাপোল চেকপোস্টের উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রের উপরিচালক মো. আবু তালহা জানান, প্রতিবছরের ধারাবাহিকতায় এবারও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও রাজ্যের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের জন্য হাঁড়িভাঙা ও আম্রপালি জাতের আম পাঠানো হয়েছে। তাঁর ভাষ্য, ‘ম্যাংগো ডিপ্লোম্যাটি’ দুই দেশের পারস্পরিক সৌহার্দ্য ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদারে ইতিবাচক ভূমিকা রাখবে।